

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) প্রকল্প ফেইজ -২ (১ম সংশোধিত)
সমাজসেবা অধিদফতর (৮ম তলা)
ই - ৮/বি-১, আগারগাঁও, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২২.১১.০১১.২২.২৫৬

তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন সমাজসেবা অধিদফতর এর মাধ্যমে ইউনিসেফ বাংলাদেশের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত সিএসপিবি প্রকল্প, ফেইজ-২ (মেয়াদকাল ডিসেম্বর ২০২৪ পর্যন্ত) এর নিম্নলিখিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (যার মেয়াদকাল উন্নয়ন সহযোগী হতে তহবিলের প্রাপ্যতা ও নিয়োগপ্রাপ্তদের performance এর আলোকে নির্ধারণযোগ্য) বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে (Online) cspb.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	বেতন	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সাইকো-সোস্যাল কাউন্সেলর	মাসিক বেতন (সাকুল্যে) ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র।	২১ টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সাইকোলজি/ক্লিনিক্যাল সাইকোলজি বিষয়ে স্নাতকোত্তর অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। এ ক্ষেত্রে সাইকোসোস্যাল কাউন্সেলিং/ শিশুসুরক্ষা বিষয়ক কাজে অন্যান্য ০৩ (তিন) বছরের বাস্তব কর্ম-অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। খ) বাংলা ও ইংরেজি ভাষায় যোগাযোগ, উপস্থাপনা ও প্রতিবেদন লেখায় দক্ষতা থাকতে হবে। গ) MS Office ও Internet Browsing জ্ঞান থাকতে হবে।
০২	শিশু সুরক্ষা সমাজকর্মী	মাসিক বেতন (সাকুল্যে) ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র।	২৮৭ টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক / স্নাতকোত্তর ডিগ্রীধারী। তবে সমাজকর্ম/সমাজবিজ্ঞান / সমাজকল্যাণ এবং সমাজবিজ্ঞান সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। খ) শিশু অধিকার সনদ, শিশু আইন ও কমিউনিটি ভিত্তিক শিশু সুরক্ষা বিষয়ে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। গ) বাংলা ও ইংরেজি ভাষায় যোগাযোগ, উপস্থাপনা ও প্রতিবেদন লেখায় দক্ষতা থাকতে হবে। ঘ) MS Office ও Internet Browsing জ্ঞান থাকতে হবে।

শর্তাবলী:

- প্রার্থীর বয়স ৩০/০৯/২০২২ তারিখে সর্বোচ্চ ৩৫ বৎসর (এসএসসি সনদ অনুযায়ী)।
- নির্ধারিত সময়ের পর কোন আবেদন এবং অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না।
- সরকারি, আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন অঞ্চলে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে।
- পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল, এসএমএস এবং সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট www.dss.gov.bd এর মাধ্যমে জানানো হবে।
- শুধু প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষায় আমন্ত্রণ জানানো হবে এবং যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় ডাকা হবে। এ জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্র, প্রার্থী যে এলাকার স্থায়ী বাসিন্দা সে এলাকার চেয়ারম্যান/ পৌরমেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধনপত্র, সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজ রঞ্জিন ছবিসহ সকল ডকুমেন্ট/ সনদপত্রের মূলকপি প্রদর্শন এবং এক সেট ফটোকপি অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে।
- ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক পরীক্ষা সংক্রান্ত খরচ বহন করা হবে বিধায় আবেদনকারী কর্তৃক পরীক্ষার ফি বাবদ কোন অর্থ প্রদান করতে হবে না।
- কোটা সংক্রান্ত বিষয়ে সরকারের সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হবে।
- সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত হারে বেতন হতে ট্যাক্স কর্তন করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল/ স্থগিত/ পরিবর্তন ও পদসংখ্যা এবং চাকুরীর মেয়াদকাল হ্রাস-বৃদ্ধি করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।
- অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে <http://cspb.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।
খ) অনলাইনে আবেদনপত্র জমাদানের সময়কাল ০২/১০/২০২২ (সকাল ১০:০০ ঘটিকা) থেকে ২৩/১০/২০২২ (বিকাল ৫:০০ টা পর্যন্ত)। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র submit করতে পারবেন। বিশেষভাবে উল্লেখ্য অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরপর ২ টি এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন না করা পর্যন্ত

